



তথ্যবিবরণী

নম্বর- ১৫৪

সাংবাদিকদের যথাযথ ভূমিকার কারণে চাঁপাইনবাবগঞ্জ গুজবের ডালপালা ছড়াতে পারেনি

---চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক

রাজশাহী; ১৫ পৌষ (৩০ ডিসেম্বর):

চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক মো. আব্দুস সামাদ বলেছেন, এ জেলার সাংবাদিকদের যথাযথ ভূমিকার কারণে নাচোলে যে দুইজন ছাত্র ভাই নিহত হয়েছে সে বিষয়ে গুজব ডালপালা মেলতে পারেনি। এ ঘটনার সময় সাংবাদিকরা সঠিক সময়ে সঠিক তথ্য পেয়ে সংবাদ পরিবেশন করেছিলেন বলে গুজব বাড়তে পারেনি।

আজ সোমবার (৩০ ডিসেম্বর) চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে রাজশাহী পিআইডি আয়োজিত বৈষম্যমুক্ত বাংলাদেশ বিনির্মাণ ও গুজব প্রতিরোধে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

জেলা প্রশাসক বলেন, সঠিক সময়ে যদি সঠিক তথ্য পাওয়া যায় এবং মিডিয়াকর্মীরা যদি সঠিক সংবাদ পরিবেশন করেন তবে গুজব প্রতিরোধ সম্ভব। গণমাধ্যম এবং প্রশাসনের লক্ষ্য এক উল্লেখ করে জেলা প্রশাসক বলেন, বৈষম্যমুক্ত বাংলাদেশ গড়তে আমাদের মধ্যে কোনো দূরত্ব থাকতে পারেনা। আমাদের যেমন দায়বদ্ধতা আছে সাংবাদিকদেরও তেমন দায়বদ্ধতা আছে।

মো. আব্দুস সামাদ বলেন, গুজবের কারণে অনেক সময় সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের আশংকা থাকে। তিনি এ বিষয়ে সকলকে সচেতন থাকার আহ্বান জানান এবং গুজবে কান না দেওয়ার পরামর্শ দেন।

রাজশাহী পিআইডির উপপ্রধান তথ্য অফিসার মো: তৌহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন জেলা তথ্য অফিসার রুপ কুমার বর্মণ। সিনিয়র তথ্য অফিসার মো. আতিকুর রহমান শাহ্ এর সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতে ধারণাপত্র উপস্থাপন করেন উপপ্রধান তথ্য অফিসার।

বক্তাগণ বলেন, গণমাধ্যমের উৎপত্তি হয়েছে বৈষম্যহীনতার জন্য। গণমাধ্যমের যে সামাজিক দায়বদ্ধতা রয়েছে শুধু সেইটুকু প্রতিপালন করলেই সমাজ এবং দেশে বৈষম্য থাকতে পারে না। বক্তাগণ সাংবাদিকতার নৈতিকতা মেনে চলার জন্য গণমাধ্যম কর্মীদের প্রতি আহ্বান জানান এবং গুজব প্রতিরোধে তাদের সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করেন।

অনুষ্ঠানে এশিয়ান টিভি, নাগরিক টিভি, একাত্তর টিভি, যমুনা টিভি, দৈনিক সংবাদ, দৈনিক দর্পণ, ভোরের কাগজ, বাংলাদেশ টাইমস এবং দৈনিক সংগ্রাম পত্রিকার চাঁপাইনবাবগঞ্জ প্রতিনিধিবৃন্দ বৈষম্যমুক্ত বাংলাদেশ গড়তে ও গুজব প্রতিরোধে নিজস্ব মতামত ও পরামর্শ তুলে ধরেন।

.....
তৌহিদ/আরিফ/আলীম/হালিম/২০২৪/১৫:৩০ ঘ.